

ইউএপিতে শিক্ষক উন্নয়ন কর্মশালা

ইউনিভার্সিটি অব এশিয়া
প্যাসিফিকের (ইউএপি) ইংরেজি
বিভাগ ও বাংলাদেশ ইংলিশ
ল্যান্ডমাস্টার টিচার্স অ্যাসোসিয়েশনের
(বেলটা) যৌথ উদ্যোগে অনুষ্ঠিত
হয়েছে ইংরেজি ভাষা শিক্ষক উন্নয়ন
কর্মশালা। শনিবার বিশ্ববিদ্যালয়ের
ক্যাম্পাসে কর্মশালার উদ্বোধন করেন
ইউএপির উপাচার্য অধ্যাপক জামিলুর
রেজা চৌধুরী। কর্মশালা পরিচালনা
করেন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার
স্যান হোজে ইউনিভার্সিটির শিক্ষক
ড. শারমীন খান। উপস্থিত ছিলেন
ইউএপির ইংরেজি বিভাগের প্রধান
ড. শওকত হোসাইন, ট্রাস্টি বোর্ডের
সদস্য তাসনীম সিরাজ মাহবুব প্রমুখ।
কর্মশালায় উন্নয়ন, জ্ঞান ও অর্জনের
উপর বিশেষ আলোচনা করা হয়।
সংবাদ বিজ্ঞপ্তি।